দৈনিক ইত্তেফাক
DEC. 2 7 1999
পৃঃ 2 কলাম 6

# ছাত্রদলের দেশব্যাপী ঘেরাও কর্মসূচী পালন

**বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥** ছাত্রদল সভাপতি ও সাধারণ সম্পাদকসহ শতাধিক নেতা-কর্মীর মুক্তির দাবীতে ছাত্রদল গতকাল (রবিবার) দেশব্যাপী জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও কর্মসূচী পালন করিয়াছে। কেন্দ্রীয়ভাবে ঢাকা জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও এবং জেলা প্রশাসকের নিকট স্মারক লিপি দেওয়া হইয়াছে। পরে ডিসি অফিসের সামনে সমাবেশে সভাপতিত্ব করেন ঢাকা জেলা ছাত্রদল সভাপতি নাজিম উদ্দীন নাজিম। বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত সভাপতি মঞ্জুর-এ-এলাহী, বজলুল বাসিত আনজু, এসএম নূরুজ্জামান প্রমুখ।

**বরিশাল অফিস ॥** জেলা ও মহানগর ছাত্রদল তাহাদের নেতৃবৃন্দের মুক্তির দাবীতে গতকাল জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করে।

**নোয়াখালী সংবাদদাতা ॥** জেলা শহর মাইজদীতে ছাত্রদল কেন্দ্রীয় নেতাদের মুক্তির দাবীতে গতকাল মিছিল ও সমাবেশ করে। দুপুরে ডিসি অফিসের সামনে সমাবেশ শেষে ডিসির নিকট একটি স্মারকলিপি প্রদান করা হয়।